



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২২.২৬১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯

০৬ জুন ২০২২

বিষয়: মুন্সিগঞ্জ জেলার গজারিয়া কলিমুল্লাহ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব মো: জালাল উদ্দিন এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারের পর বকেয়া বেতন প্রদান প্রসঙ্গে।

মুন্সিগঞ্জ জেলার গজারিয়া কলিমুল্লাহ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব মো: জালাল উদ্দিন এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারের পর বকেয়া বেতন দাবী করে আবেদন করেন।

আবেদনের বর্ণনা: “যথাবিহীন সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মা: জালাল উদ্দিন, সহকারী অধ্যাপক (পদার্থ বিজ্ঞান) গজারিয়া কলিমুল্লাহ ডিগ্রি কলেজ, গজারিয়া, মুন্সিগঞ্জ গত ১৬/০১/২০২২ তারিখে সাময়িক বরখাস্ত করেন। তবে আমাকে ০১/০৫/২০২২খ্রি. তারিখে গভর্নিং বডি'র ১১৬ নং সভায় সর্বসম্মতিক্রমে পুনর্বহাল করা হয়। সাময়িক বরখাস্ত থাকাকালে আমাকে প্রাতিষ্ঠানিক এবং সরকারি বেতনের অর্ধেক হারে বেতন প্রদান করা হয়। আমার ৬ সদস্য বিশিষ্ট পরিবারে আমিই একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। আমার ৪টি মেয়ে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে। ফলে গত চার মাসে এত অল্প টাকায় সংসার চালাতে বেশ দেনা হয়ে গেছে। বকেয়া টাকা না পেলে দেনা পরিশোধ করা কোনোভাবেই সম্ভব হবে না। এমতাবস্থায়, আমার বকেয়া বেতন পেতে অধ্যক্ষ মহোদয়ের কাছে আপনার সুপারিশ কাম্য “।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৮.৫ খারা মোতাবেক প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটির/গভর্নিং বডি/ এডহক কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

এমতাবস্থায়, বিষয়টি আবেদনকারীকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৬-৬-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

জনাব মা: জালাল উদ্দিন,, সহকারী অধ্যাপক (পদার্থ বিজ্ঞান) গজারিয়া কলিমুল্লাহ ডিগ্রি কলেজ, গজারিয়া, মুন্সিগঞ্জ।


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.২২.২৬১/১(২)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯

০৬ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, গজারিয়া কলিমুল্লাহ ডিগ্রী কলেজ, গজারিয়া, মুন্সিগঞ্জ।
- ২) অধ্যক্ষ, গজারিয়া কলিমুল্লাহ ডিগ্রী কলেজ, গজারিয়া, মুন্সিগঞ্জ



৬-৬-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক